মেহেরপুর পৌরসভার উদ্যোগে পরিস্কার পরিচ্ছন্ন অভিযান

ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মসার লাভা নির্মুল ও মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতাল চত্ত্বর পরিস্কার পরিচ্ছন্ন করতে উদ্যোগ নিয়েছেন মেহেরপুর পৌর সভার মেয়র।

আজ বুধবার (৬ সেপ্টেম্বর) সকাল ১০ টার দিকে হাসপাতাল চত্ত্বর পরিস্কার পরিচ্ছন্ন ও এডিস মশার লাভা ধ্বংশ করতে বিষ ছিটানো হয়।

মেহেরপুর পৌর সভার ২ নং ওয়ার্ডের কাউন্সিলর আল মামুন ও ৫ নং ওয়ার্ড কাউন্সিলর মোস্তাক আহম্মেদের নেতৃত্বে মেহেরপুর পৌর সভার পরিচ্ছন্ন কর্মীরা পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রমে অংশ নেন।

২ নং ওয়ার্ডের কাউন্সিলর আলম মামুন বলেন, বর্তমানে ডেঙ্গু পরিস্থিতি বেড়ে যাওয়ায় মেহেরপুর পৌর সভার পক্ষ থেকে হাসপাতাল চত্ত্বর পরিস্কার পরিচ্ছন্ন করা হয়েছে। এখন থেকে প্রতিদিনই মেহেরপুর পৌর এলাকার বিভিন্ন এলাকায় পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম চলবে। পাশাপাশি এডিস মশার বংশ নির্মুল করতে এডিস মশার লাভা বিষ প্রয়োগ করা করা হবে।
এসময় পৌরসভার পরিচ্ছন্ন কর্মী ও অন্যান্যরা উপস্থিত ছিলেন।